দৈনিক ইত্তেফাক

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ... 05 JUN 1999
পৃষ্ঠা ... 12 কলাম ...

৭

০১

## মহিলা বিষয়ক ২০ বছর মেয়াদী পরিকল্পনা প্রণয়নের দাবী

( ইত্তেফাক রিপোর্ট )

মহিলাদের বেসরকারী স্বেচ্ছাসেবী সংগঠন 'উইমেন ফর উইমেন' নেত্রীবৃন্দ দেশের নারী সমাজের অবস্থার উন্নয়ন ও অর্থনৈতিক কর্মকাণ্ডে তাঁহাদের অবদানের যথার্থ মূল্যায়নের লক্ষ্যে নির্ভরযোগ্য পরিসংখ্যান ও গবেষণাভিত্তিক মহিলাবিষয়ক কুড়িবছর মেয়াদী জাতীয় পরিকল্পনা প্রণয়নের দাবী জানাইয়াছেন।

সংগঠনের সভানেত্রী ডঃ নাজমা চৌধুরী ও অন্যান্য নেত্রী গতকাল (রবিবার) সংস্থার কার্যালয়ে এক সাংবাদিক সম্মেলনে বলেন, কুড়ি বছর মেয়াদী মহিলাবিষক জাতীয় পরিকল্পনা প্রণয়নের লক্ষ্যে উন্নয়ন কর্মকাণ্ডের সকল ক্ষেত্রে মহিলাদের অবস্থা নিরীক্ষার জন্য দেশের নারীসমাজের পরিস্থিতি বিষয়ক একটি জাতীয় কমিশন গঠন করা দরকার। তাঁহারা উন্নয়ন কর্মকাণ্ডে মহিলাদের কার্যকর ভূমিকা নিশ্চিতকরণের উদ্দেশ্যে উচ্চক্ষমতাসম্পন্ন জাতীয় মহিলা কাউন্সিল গঠনের সুপারিশ করেন।

তাঁহারা চতুর্থ পাঁচসালা পরিকল্পনায় অর্থনৈতিক কর্মকাণ্ডের সকলক্ষেত্রে উপযুক্তভাবে দেশের নারী সমাজের ভূমিকাকে কাজে লাগানো এবং তাহাদের অবদানের যথার্থ মূল্যায়নে উদ্যোগ গ্রহণের জন্য সরকারের নিকট আবেদন জানান। তাঁহারা উচ্চশিক্ষিত মহিলাদের বিভিন্ন নীতিনির্ধারণী ও সিদ্ধান্ত গ্রহণকারী পদে নিয়োগেরও আবেদন জানান।

সাংবাদিক সম্মেলনে সংগঠনের নেত্রীদের মধ্যে জাহানারা হক ও খালেদা সালাহউদ্দিনও বক্তব্য রাখেন।